ভোরের কাগজ

তারিখ ... SEP. 1 8 1999
পৃষ্ঠা 12 কলাম 2

# চ.বি. ছাত্রাবাসগুলো আজ খুলছে, সোমবার ক্লাস শুরু

## হলের দখল নিয়ে সংঘর্ষের আশংকা

চ. বি. সংবাদদাতা : একটানা ৩৬ দিন বন্ধ থাকার পর আজ শনিবার থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৯টি আবাসিক হল ছাত্রছাত্রীদের জন্য খুলে দেওয়া হচ্ছে এবং আগামী সোমবার থেকে সকল ক্লাস পুনরায় শুরু হচ্ছে। এদিকে হলের দখল নিয়ে ছাত্রশিবির ও ছাত্রলীগ এবং ছাত্রলীগের প্রতিদ্বন্দ্বী দুই গ্রুপের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষের আশঙ্কা করা হচ্ছে।

উল্লেখ্য, গত ১২ আগস্ট ছাত্রলীগের দুই গ্রুপের বন্দুকযুদ্ধে ৪ পুলিশ আহত হলে ঐদিন রাতে অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। এক মাস পর গত ১১ সেপ্টেম্বর সিন্ডিকেটের সিদ্ধান্ত অনুযায়ী আজ থেকে হলসমূহ খুলে দেওয়া হচ্ছে।

হলের দখল নিয়ে ছাত্রলীগের কলিম ও শফিক গ্রুপের মধ্যে গতকাল ক্যাম্পাসে উত্তেজনা লক্ষ্য করা গেছে। এদিকে ছাত্রশিবির বিশ্ববিদ্যালয়ের ২নং গেট এলাকার কটেজগুলোতে অস্ত্রধারী ক্যাডারদের জড়ো করছে বলে জানা গেছে। ছাত্রলীগের প্রতিদ্বন্দ্বী ঐ দুই গ্রুপ চট্টগ্রামের দুটি চিহ্নিত সন্ত্রাসী গ্রুপের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছে বলে জানা গেছে। অন্যদিকে শিবির ২নং গেট এলাকার কটেজগুলোতে অস্ত্রের জোগান বাড়াচ্ছে বলে খবর পাওয়া গেছে। ছাত্রলীগের সভাপতি শাহজাহান চৌধুরী বিশ্ববিদ্যালয় খোলার প্রথম দিনেই রক্তক্ষয়ী সংঘর্ষের আশঙ্কা ব্যক্ত করেছেন।

তবে উপাচার্য প্রফেসর আব্দুল মান্নান গতকাল টেলিফোনে ভোরের কাগজকে জানিয়েছেন, সার্বিক নিরাপত্তার জন্য ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন থাকবে। এদিকে গত রাতে উপাচার্য এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য ছাত্রছাত্রী, শিক্ষক, অভিভাবক এবং ছাত্র সংগঠনসহ সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেছেন।

হলসমূহ খুলে দেওয়ায় শহর থেকে বিশ্ববিদ্যালয় অভিমুখী শাটল ট্রেন দুটি আজ থেকে চলাচল করবে। অবশ্য ট্রেনের সময়সূচিতে কিছু পরিবর্তন আনা হয়েছে। ক্যাম্পাস থেকে ১টা ২০ মিনিটের ট্রেনটি দেড়টায়, ৩টা ২০ মিনিটের ট্রেনটি আড়াইটায়, ৫টা ৫ মিনিটের ট্রেনটি ৫টা ২০ মিনিটে এবং শহর থেকে সন্ধ্যা সাড়ে সাতটার ট্রেনটি রাত ৮টায় ছাড়বে। অন্য ট্রেনগুলোর সময় অপরিবর্তিত রয়েছে। ট্রেনের সময়সূচির কারণে প্রতিটি ক্লাসের সময়ও ১৫ মিনিট পিছিয়ে দেওয়া হয়েছে।